


দরপত্র আহবান বিজ্ঞপ্তি-০৩ (২০০৭-২০০৮)

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের অধীনে সিএনজি (CNG) চালিত কমপক্ষে ২৬০০ সিসি ১(এক)টি মাইক্রোবাস ক্রয়ের লক্ষ্যে প্রকৃত পরিবেশক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট দরপত্র আহবান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত দরপত্র ৭৫০/- (সাত পঞ্চাশ) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) ১৭.০৪.২০০৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। দরপত্র ২০.০৪.২০০৮ তারিখ সকাল ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রাখা দরপত্র বাঞ্ছা জমা দিতে হবে এবং ঐ দিনই দুপুর ১২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র খোলার দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না।

গাড়ি পরিবেশক/সরবরাহকারী প্রতিষ্ঠানকে দরপত্রের সহিত অবশ্যই মূল ক্যাটালগ/ব্রশিউর এর কপি সিডিউলে প্রদত্ত শর্ত মোতাবেক জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলী :

- ১। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতার সনদ, ব্যাংক স্বচলতার সনদপত্র এবং আয়কর সনদের (টি.আই.এন সহ) সার্টিফাইড কপি এবং আর্নেস্ট মানি হিসেবে উদ্ধৃত মূল্যের শতকরা ৩% অর্থ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
- ২। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে অনুমোদিত ডিজাইন অনুযায়ী সিডিউলের বর্ণনা মোতাবেক নিজ খরচে যান সরবরাহ করতে হবে।
- ৩। সফল দরদাতাকে কর্তৃপক্ষের সাথে উল্লিখিত যান সরবরাহের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ৪। সফল দরদাতাকে কার্যাদেশ জারীর ৩(তিন) কার্যদিবসের মধ্যে উদ্ধৃত মোট মূল্যের ১০% অর্থ “পারফরমেন্স সিকিউরিটি” হিসেবে সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে।
- ৫। কার্যাদেশে প্রদত্ত সময়সীমার মধ্যে অর্ডারকৃত যান নির্ধারিত মান অনুযায়ী সরবরাহ করতে ব্যর্থ হলে প্রদত্ত কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত আর্নেস্টমানি/ পারফরমেন্স সিকিউরিটি মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ৬। অর্ডারকৃত মাইক্রোবাস সরবরাহের তারিখ হতে ২(দুই) বছরের গ্যারান্টি/ওয়ারেন্টি দিতে হবে। গ্যারান্টি/ওয়ারেন্টিকালে কোন ত্রুটি দেখা দিলে সরবরাহকারী নিজ খরচে তা ত্রুটিমুক্ত করে দিতে বাধ্য থাকবেন। সরবরাহকৃত মাইক্রোবাসের সন্তোষজনক সার্ভিস প্রাপ্তি সাপেক্ষে পারফরমেন্স সিকিউরিটি গ্যারান্টি/ওয়ারেন্টি পিরিয়ড শেষে ফেরত দেয়া হবে।
- ৭। অর্ডারকৃত মাইক্রোবাস অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহের পর চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করলে সরকারী নিয়ম অনুযায়ী চেকের মাধ্যমে উক্ত বিল পরিশোধ করা হবে।
- ৮। দরপত্রে প্রতিটি আইটেমের মূল্য স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ৯। দরপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র অসত্য/ত্রুটিপূর্ণ পরিলক্ষিত হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।



(জাকিয়া সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৫৪৩৬